



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 অধ্যক্ষের কার্যালয়
 সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা
www.edwardcollege.edu.bd
 email:edwardcollegebd@yahoo.com



স্মারক নং-সএক/১৮২

তারিখ: ২৫.০২.২০২৪ খ্রি.

২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপে অনলাইন আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে রিলিজ স্লিপের অনলাইন আবেদন ২৭ ফেব্রুয়ারি বিকাল ৪টা থেকে শুরু হয়ে ০৫ মার্চ ২০২৪ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে যে সকল আবেদনকারী (ক) মেধা তালিকায় স্থান পায়নি, (খ) মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হয়নি, (গ) মেধা তালিকায় ভর্তি হয়ে পরবর্তীতে ভর্তি বাতিল করেছে, (ঘ) ২য় পর্যায়ে ১৩ থেকে ২০ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ পর্যন্ত যে সকল আবেদনকারী প্রাথমিক আবেদন করেছে এবং সংশ্লিষ্ট কলেজ কর্তৃক তা নিশ্চয়ন করা হয়েছে, সে সকল আবেদনকারীকে মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই রিলিজ স্লিপে আবেদন করতে হবে। উল্লেখ্য যে, কলেজ কর্তৃক ১ম অথবা ২য় পর্যায়ে যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন নিশ্চয়ন করা হয়নি, সে সকল আবেদনকারী রিলিজ স্লিপে আবেদন করতে পারবে না। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Prospectus/Important Notice অপশন থেকে জানা যাবে।

আবেদনের নিয়মাবলী

- ক) রিলিজ স্লিপে আবেদনের জন্য আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login অপশনে Masters (Regular) Login লিংকে গিয়ে প্রাথমিক আবেদন ফরমে উল্লিখিত রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এক্ষেত্রে আবেদনকারীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ স্লিপের আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে।
- খ) এ পর্যায়ে আবেদনকারী বিভাগ ও জেলাভিত্তিক College Selection Option এ গিয়ে যে কোন কলেজ Select করলে ঐ কলেজে তার ভর্তি যোগ্য (Eligible) বিষয়ে শূন্য আসনের তালিকা দেখতে পাবে। আবেদনকারীকে প্রতিটি কলেজের ক্ষেত্রে বিষয়ভিত্তিক শূন্য আসনের তালিকা থেকে তার ভর্তি যোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করে এন্ট্রি দিতে হবে। এভাবে একজন আবেদনকারী পর্যায়ক্রমে তার পছন্দ অনুযায়ী তিনটি কলেজে বিষয় নির্ধারণ করে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করবে।
- গ) আবেদনকারীকে রিলিজ স্লিপের আবেদন ফরম ডাউনলোড করে অফসেট সাদা কাগজে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে তবে এই ফরমটি আবেদনকৃত কলেজসমূহে জমা দিতে হবে না এবং কোন ফি প্রদান করতে হবে না।
- ঘ) রিলিজ স্লিপের আবেদন সংশ্লিষ্ট কলেজ কর্তৃক অনলাইনে নিশ্চয়ন করতে হবে না।

প্রতিস্বাক্ষর

২৫.০২.২০২৪

(প্রফেসর ড.মো.মাহবুব সরফরাজ)

অধ্যক্ষ

সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

(এম.এস.নওরীন নূর নীলা)

সহযোগী অধ্যাপক, উদ্ভিদবিজ্ঞান

ও

আহবায়ক

মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) ভর্তি কমিটি-(২০২১-২২)

সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

স্মারক নং-সএক/১৮২/২৭

তারিখ: ২৫.০২.২০২৪ খ্রি.

অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো :

- ১। উপাধ্যক্ষ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
- ৩-১৯। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২০। আহ্বায়ক, ওয়েবসাইট উন্নয়ন কমিটি, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা। (ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)
- ২১। হিসাব রক্ষক, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
- ২৬। নোটিশ বোর্ড, অত্র কলেজ।
- ২৭। অফিস নথি।

(এম.এস.নওরীন নূর নীলা)

সহযোগী অধ্যাপক, উদ্ভিদবিজ্ঞান

ও

আহবায়ক

মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) ভর্তি কমিটি-(২০২১-২২)

সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা